গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।
www.bjsc.gov.bd

নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০২.১৮-৪৬

তারিখ ঃ ২৫শে আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ।
৯ই জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিজ্ঞপ্তি

১২শ বিজেএস পরীক্ষা, ২০১৮

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রবেশ পদ অর্থাৎ সহকারী জজ পদে নিয়োগের উদ্দেশ্যে ১২শ বিজেএস পরীক্ষা, ২০১৮ এর লিখিত পরীক্ষা সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা কেন্দ্রে নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ—

আবশ্যিক সাধারণ/আবশ্যিক আইন বিষয়সমূহ

ক্রঃ নং	বিষয়	তারিখ	দিন	সময়	পরীক্ষার স্থান
১	সাধারণ বাংলা	০৮/০৯/২০১৮	শনিবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা
২	সাধারণ ইংরেজি	০৯/০৯/২০১৮	রবিবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৩	বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়সমূহ	১০/০৯/২০১৮	সোমবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৪	সাধারণ গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	১১/০৯/২০১৮	মঙ্গলবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৫	দেওয়ানী মামলা সংক্রান্ত আইন	১২/০৯/২০১৮	বুধবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৬	অপরাধ সংক্রান্ত আইন	১৩/০৯/২০১৮	বৃহস্পতিবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৭	পারিবারিক সম্পর্ক বিষয়ক আইন	১৫/০৯/২০১৮	শনিবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৮	সাংবিধানিক আইন, জেনারেল ক্লজেস্ এ্যাক্ট ও সাক্ষ্য আইন	১৬/০৯/২০১৮	রবিবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	
৯	ভূমি, চুক্তি, রেজিস্ট্রেশন, সম্পত্তি হস্তান্তর ও অন্যান্য আইন	১৭/০৯/২০১৮	সোমবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	

ঐচ্ছিক আইন বিষয়সমূহ

ক্রঃ নং	বিষয়	তারিখ	দিন	সময়	পরীক্ষার স্থান
১০	শিশু, নারী, পরিবেশ ও আইনগত সহায়তা প্রদান সংক্রান্ত আইন এবং দুর্নীতি দমন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, মানব পাচার প্রতিরোধ ও অর্থঋণ সংক্রান্ত আইন	১৮/০৯/২০১৮	মঙ্গলবার	দুপুর ২.৩০-বিকাল ৫.৩০	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি ঃ

১। প্রত্যেক পরীক্ষার্থীকে পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। প্রবেশপত্রের নির্দেশাবলি প্রত্যেক পরীক্ষার্থীকে মনোযোগের সাথে পড়তে হবে।

২। পরীক্ষার্থীকে নির্ধারিত তারিখ ও সময়ে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা শুরু হওয়ার অন্ততঃ ১৫ মিনিট পূর্বে উপস্থিত হতে হবে।

৩। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।

৪। প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

৫। পরীক্ষা কক্ষে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

৬। কোনো পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোনোভাবে অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণ করলে তাকে সংশ্লিষ্ট পরীক্ষা ও পরবর্তী সকল পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। প্রতিদিনের হাজিরা ও উত্তরপত্রসহ সকল কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষরের নমুনা একই ধরনের হতে হবে।

৮। পরীক্ষায় প্রশ্নপত্র বিতরণের পরবর্তী এক ঘণ্টার মধ্যে কোনো উত্তরপত্র জমা দেওয়া যাবে না।

৯। কোনো পরীক্ষার্থী জরুরি প্রয়োজনে পরীক্ষা শুরুর প্রথম এক ঘণ্টার পর দায়িত্ব পালনকারী পরিদর্শকের অনুমতি নিয়ে স্বল্প সময়ের জন্য পরীক্ষা কক্ষের বাইরে যেতে পারবে।

১০। পরীক্ষার আসন বিন্যাস পরীক্ষা কেন্দ্রে ও কমিশনের ওয়েবসাইটে ৬ই সেপ্টেম্বর, ২০১৮ তারিখে প্রকাশ/প্রদর্শন করা হবে।

BJSC Form II দাখিল সংক্রান্ত নির্দেশনা ঃ

কমিশনের ওয়েব সাইট **www.bjsc.gov.bd** -হতে **BJSC Form II** এর প্রিন্ট নিতে হবে। উক্ত ফরম স্বহস্তে পূরণ করে তার সাথে নিম্নলিখিত কাগজপত্র A_4 সাইজের অফসেট কাগজে নিম্নবর্ণিত ক্রমানুসারেই দাখিল করতে হবে ঃ

১। অনলাইনে পূরণকৃত **BJSC Form I** এর প্রিন্টকপি।

২। সত্যায়িত ফটোকপি ঃ

(ক) এস.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও নম্বরপত্র।

(খ) এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদ ও নম্বরপত্র।

(গ) আইন বিষয়ে স্নাতক/সম্মান/এলএল.এম. পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীর ক্ষেত্রে পরীক্ষা শেষ হওয়ার তারিখ উল্লিখিত অবতীর্ণ সনদ।

(ঘ) আইন বিষয়ে স্নাতক/সম্মান/এলএল.এম. পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদ এবং মূল নম্বরপত্র (একাধিক অংশসহ)।

(ঙ) স্নাতক ও তদূর্ধ্ব ডিগ্রী থাকলে এর মূল/সাময়িক সনদ ও মূল নম্বরপত্র।

(চ) স্নাতক/সম্মান/এলএল.এম. পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক ইস্যুকৃত শতকরা হারে পরিবর্তিত প্রাপ্ত নম্বরের প্রত্যয়নপত্র (প্রত্যয়নপত্রের নমুনা কপি ওয়েবসাইটে পাওয়া যাবে)।

(ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(জ) আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানার সমর্থনে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (ইউনিয়ন পরিষদ, পৌরসভা বা সিটি কর্পোরেশন) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্র।

(ঝ) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট।

(ঞ) চাকুরি হতে অপসারণ আদেশ/ইস্তফাপত্র/অনাপত্তিপত্র/ছাড়পত্র (ক্ষেত্রমতে)।

(ট) (অ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভূক্ত (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সনদপত্র।

(আ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্রসমূহ (সনদ, গেজেট, মুক্তিবার্তা ও জাতীয় পরিচয়পত্র/ এস.এস.সি পরীক্ষা পাসের সনদ)।

বিশেষ দ্রষ্টব্য ঃ **BJSC Form I ও BJSC Form II** এর প্রিন্ট কাগজের এপিঠ-ওপিঠ করা যাবে না।

প্রার্থীগণ BJSC Form II যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসমূহ A_4 সাইজের খামে 'সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০' ঠিকানায় আগামী ২২শে জুলাই, ২০১৮ হতে ২রা আগস্ট, ২০১৮ খ্রিঃ পর্যন্ত অফিস সময়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে পৌঁছানোর বিষয় নিশ্চিত করবেন। খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম ও প্রার্থীর রোল নম্বর উল্লেখ করতে হবে। ২রা আগস্ট, ২০১৮ খ্রিঃ তারিখ অপরাহ্ণ ৫.০০ ঘটিকার পরে প্রাপ্ত আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না। কমিশন সচিবালয়ের ৮ম তলায় ৮০১ নং কক্ষে আবেদনপত্র গ্রহণ করা হবে।

০৮.০৭.২০১৮

(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক